

যে কারণে রাষ্ট্রীয় শোক প্রত্যাখ্যান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের

অনলাইন ডেক্স

৩০ জুলাই ২০২৪, ০৮:৫৬ এএম



শিক্ষার্থীদের দাবি আদায়ের লক্ষ্যে রাষ্ট্রীয় শোক প্রত্যাখ্যান করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। তারা আজ মঙ্গলবার লাল কাপড় দিয়ে মুখ-চোখ বেঁধে ছবি তুলে অনলাইনে প্রচার কর্মসূচির ঘোষণা দিয়েছে।

গতকাল সোমবার রাতে সাংবাদিকদের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই কর্মসূচির ঘোষণা দেন সমন্বয়ক মাহিন সরকার।

বিজ্ঞপ্তিতে পূর্বঘোষিত বিক্ষেপ মিছিল ও সমাবেশ সফল করার জন্য ধন্যবাদ জানানো হয়।

কর্মসূচি ঘোষণা করে বিজ্ঞপ্তিতে বলা হয়, 'শিক্ষার্থীদের দাবি আদায়ের লক্ষ্যে রাষ্ট্রীয় শোককে প্রত্যাখ্যান করে আগামীকাল লাল কাপড় মুখে ও চোখে বেঁধে ছবি তোলা এবং অনলাইনে ব্যাপক প্রচার কর্মসূচি করার জন্য অনুরোধ করছি।'

এর আগে ডিবি কার্যালয়ে হেফাজতে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের হয় সমন্বয়ক দেশে সকল কর্মসূচি প্রত্যাহারের ঘোষণা দেন। তবে দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে বলে উল্লেখ করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একাংশ। তারা গতকাল ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, সিলেট, নোয়াখালী, রাজশাহী, বরিশাল, খুলনা, যশোর, ঠাকুরগাঁওসহ সারাদেশব্যপী বিক্ষোভ ও ছাত্রসমাবেশ পালন করে।

এ নিয়ে সহ-সমন্বয়ক রিফাত রশিদ এ নিয়ে বলেন, ‘গণস্বাস্থ্য থেকে তুলে নিয়ে যাওয়ার আগে নাহিদ ভাই, আসিফ ভাই এবং বাকের ভাই তিনজনই স্পষ্ট করে বলেছিলেন, ‘আমরা যদি না-ও থাকি আন্দোলন চালাইয়া নিবা, আন্দোলন যাতে থেমে না থাকে। আমাদের ওপর অনেক ঝড়-ঝাপটা যাবে, যারা বাইরে থাকবে তারাই অন-ক্রমান্তে থাকবে।’ তাই সিনিয়রদের শেষ কথাগুলোকে বুকে ধারণ করেই আমরা আন্দোলন এগিয়ে নিয়ে যাচ্ছি। জোরপূর্বক আদায় করা বিবৃতি বাংলাদেশের ছাত্রসমাজ প্রত্যাখ্যান করেছে।’